# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৮

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২. ইলম ও আলিমের মর্যাদা

## بَابٌ فِي فَضْلِ الْعِلْمِ وَالْعَالِمِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مَرْوَانُ بْنُ مُعَاوِيَةَ، عَنْ عَوْفٍ، عَنْ عَبَّاسٍ الْعَمِّيِّ، قَالَ: بَلَغَنِي أَنَّ دَاوُدَ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَقُولُ فِي دُعَائِهِ: «سُبْحَانَكَ اللَّهُمَّ، أَنْتَ رَبِّي تَعَالَيْتَ فَوْقَ عَرْشِكَ، وَجَعَلْتَ خَشْيَتَكَ عَلَى مَنْ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ، فَأَقْرَبُ خَلْقِكَ مِنْكَ مَنْزِلَةً أَشَدُّهُمْ لَكَ خَشْيَةً. وَمَا عِلْمُ مَنْ لَمْ يَخْشَكَ؟ وَمَا حِكْمَةُ مَنْ لَمْ يُطِعْ أَمْرَكَ؟

عباس العمي مجهول وباقي رجاله ثقات

বাংলা

৩৪৮. আব্বাস আল 'আম্মী (অন্ধ) হতে বর্ণিত, তিনি বলেন, আমার নিকট একথা পৌঁছেছে যে, নবী দাউদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর দু'আয় বলতেন: 'হে আল্লাহ, আপনি অতি পবিত্র। আপনি আমার রব, আপনি সুমহান, আপনার আরশের উর্ধ্বে। আর আপনার ভয়কে আসমানসমূহ ও পৃথিবীর অধিবাসীদের মাঝে ছড়িয়ে দিয়েছেন। ফলে আপনার সৃষ্টির মধ্যে আপনার ভয় যার যতবেশী, সে ততবেশী আপনার নিকটতর মর্যাদা লাভ করে। যে আপনাকে ভয় করে না, তার কোনো ইলম-ই নেই। আর যে আপনার আদেশের আনুগত্য-অনুসরণ করে না, তার কোনো হিকমাহ (বিচক্ষণতা-প্রজ্ঞা) নেই।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: আব্বাস আল 'আম্মী মাজহুল বা অজ্ঞাত পরিচয়। অন্যান্য রাবীগণ নির্ভরযোগ্য।

তাখরীজ: ইবনু আবী শাইবা, ১০/২৭৭ নং ৯৪৩০; দেখুন দুররে মানসুর ৫/২৫০।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=69659

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন